গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন -২ শাখা
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪১.২৩.০১১.২২.২৭০ তারিখ : ৩০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ১৫ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : শেখ রাসেল দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৮ অক্টোবর ২০২৩ তারিখে জাতীয়ভাবে যথাযথ মর্যাদায় শেখ রাসেল দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গত ১১.১০.২০২৩ তারিখ সকাল ১০:০০ টায় স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি : সভার কার্যবিবরণী।

১৫/১০/২০২৩

মোহাম্মদ সাইফুল ইসলাম
উপসচিব
ফোন: ৫৫১০০৭২১
ইমেইল : admin2@hsd.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা (গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায় পর্যন্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
২. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ
৩. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ
৪. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা (গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায় পর্যন্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
৬. সিভিল সার্জন, ঢাকা
৭. ওয়ার্কসপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা

অনুলিপি সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পরিচালক, শেখ রাসেল জাতীয় গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৪. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

বিষয়: শেখ রাসেল দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।


সভাপতি : জনাব মোঃ জাহাঙ্গীর আলম
সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
তারিখ : ১১ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ
সময় : সকাল ১০:০০ টা
স্থান : সভাকক্ষ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (কক্ষ নম্বর# ৩৩২, ভবন# ৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক'

সভাপতি শেখ রাসেল দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই তিনি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারসহ সকল শহীদদের। তিনি যথাযোগ্য মর্যাদায় শেখ রাসেল দিবস ২০২৩ পালনের উপর গুরুত্ব আরোপ করেন। অতঃপর তিনি যুগ্মসচিব (প্রশাসন)-কে সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব আনজুমান আরা, যুগ্মসচিব (প্রশাসন) শেখ রাসেল দিবস ২০২৩ উপলক্ষে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সভার সিদ্ধান্ত সভায় উপস্থাপন করেন এবং এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের করণীয় কার্যক্রম সম্পর্কে উপস্থিত সকলের মতামত আহ্বান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে আগামী ১৯ অক্টোবর “শেখ রাসেল দিবস ২০২৩” উদ্‌যাপন উপলক্ষে নিম্নবর্ণিত কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য সূচী | সম্ভাব্য সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | (ক) স্বাস্থ্য সেবা বিভাগে কর্মরত কর্মকর্তাগণ এবং এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা প্রধানগণ স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয়ের নেতৃত্বে আগামী ১৮ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ০৭:৩০ টায় শেখ রাসেল জাতীয় গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকায় শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন।<br><br>(খ) জেলা ও উপজেলা পর্যায়ে স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগণ স্ব স্ব কার্যালয় প্রাঙ্গণে শেখ রাসেল এর ছবি সম্বলিত প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। | • স্বাস্থ্য সেবা বিভাগ ও এর আওতাধীন সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠান<br>• বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল)<br>• সিভিল সার্জন (সকল)<br>• ইউএইচএফপিও (সকল) |
| ২ | শেখ রাসেলের ম্যুরাল/প্রতিকৃতির পরিমাপ | শেখ রাসেল এর ম্যুরাল/প্রতিকৃতির সর্বনিম্ন আকার হবে দৈর্ঘ্য ০৪ ফুট×প্রস্থ ০৩ ফুট। তবে সমানুপাতিক হারে বড় আকারেও প্রতিকৃতি স্থাপন করা যাবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ ও এর আওতাধীন সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠান |

| | | | |
|---|---|---|---|
| ৩ | প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের জন্য শেখ রাসেলের নির্ধারিত ছবি |  | • স্বাস্থ্য সেবা বিভাগ ও এর আওতাধীন সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠান<br>• বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল)<br>• সিভিল সার্জন (সকল)<br>• ইউএইচএফপিও (সকল) |
| ৪ | মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠান-এ আলোচনা সভা/ সেমিনার আয়োজন | (ক) আগামী ১৮ অক্টোবর বিকাল ৩.০০টায় শেখ রাসেল দিবস ২০২৩ পালন উপলক্ষে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে আলোচনা সভার আয়োজন করা হবে।<br><br>(খ) আগামী ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা এবং প্রতিষ্ঠান সুবিধাজনক সময়ে স্ব-স্ব কার্যালয়ে আলোচনা সভা/সেমিনার আয়োজন করবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ ও এর আওতাধীন সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠান<br>• বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল)<br>• সিভিল সার্জন (সকল)<br>• ইউএইচএফপিও (সকল) |
| ৪ | অন্যান্য কার্যক্রম | আগামী ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস ২০২৩' উদ্‌যাপন উপলক্ষে দেশের সকল হাসপাতালের শিশু ওয়ার্ডগুলো বর্ণিলভাবে সাজানো এবং কেক কাটাসহ স্বেচ্ছাসেবামূলক বিভিন্ন কর্মসূচী আয়োজন করা যেতে পারে। | • মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জাহাঙ্গীর আলম
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়